

# ৪নং টগরবন্দ ইউনিয়ন পরিষদ

ডাকঘরঃ-তিতুরকান্দী, উপজেলাঃ-আলফাডাঙ্গা, জেলাঃ-ফরিদপুর

স্মারকনং- টইপ-২০২৩/

তারিখঃ- ২০/০৮/২০২৩ খ্রিঃ

বরাবর

উপজেলা নির্বাহী অফিসার

আলফাডাঙ্গা, ফরিদপুর।

বিষয় : আইন শৃঙ্খলা রক্ষা বিষয়ক কমিটির সভার রেজুলেশন প্রেরণ প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে অত্র ৪নং টগরবন্দ ইউনিয়ন পরিষদের ফেব্রুয়ারী/২৩ মাসের আইন শৃঙ্খলা রক্ষা বিষয়ক কমিটির সভার কার্য বিবরণী আপনার সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্তে অত্রসাথ প্রেরণ করা হলো।

বীর মুক্তিযোদ্ধা মিয়া আসাদুজ্জামান

চেয়ারম্যান

৪নং টগরবন্দ ইউনিয়ন পরিষদ

আলফাডাঙ্গা, ফরিদপুর।

# ৪নং টগরবন্দ ইউনিয়ন পরিষদ

ডাকঘরঃ-তিতুরকান্দী, উপজেলাঃ-আলফাডাঙ্গা, জেলাঃ-ফরিদপুর

সভার কার্যবিবরণী

সভাপতি-বীর মুক্তিযোদ্ধা মিয়া আসাদুজ্জামান

চেয়ারম্যান

৪ নং টগরবন্দ ইউনিয়ন পরিষদ

তারিখ- ২০/০৮/২০২৩ খ্রিঃ, সময়-১২.০০ ঘটিকা

উপস্থিত সদস্যগণের নাম ও পদবী :

ক্রমিকনং	নাম	পদবী	কমিটিতে পদবী
০১	বীর মুক্তিযোদ্ধা মিয়া আসাদুজ্জামান	চেয়ারম্যান	সভাপতি
০২	শৈলেন্দ্রনাথ বিশ্বাস	প্রধান শিক্ষক	সদস্য
০৩	মোসাঃ রিজভা বেগম	ইউপি সদস্যা	সদস্য
০৪	আব্দুল্লাহ শামীম মল্লিক	ইউপি সদস্য	সদস্য
০৫	বীর মুক্তিযোদ্ধা জালাল ফকির	সমাজসেবক	সদস্য
০৬	হান্নান আলী খান	দফাদার	সদস্য
০৭	মোঃ মহব্বত হোসেন	ইউপি সচিব	সদস্যসচিব
০৮	অসিম কুমার নাগ	উপজেলা সমবায় অফিসার	

অধ্যকার সভার সভাপতি জনাব বীর মুক্তিযোদ্ধা মিয়া আসাদুজ্জামান, চেয়ারম্যান, ৪ নং টগরবন্দ ইউনিয়ন পরিষদ, আলফাডাঙ্গা, ফরিদপুর। সভাপতির আসন গ্রহণ করিবার পর সভার কার্যক্রম যথাসময়ে শুরু হয়।

সভার শুরুতে সভাপতি সাহেব অত্র ইউনিয়ন পরিষদের অন্তর্গত এলাকার আইন শৃঙ্খলা পরিস্থিতির ব্যাপারে সকলের মতামত জানতে চান। সভাপতি সাহেবের উক্ত আহবানের প্রেক্ষিতে সকলেই তাদের মতামত ব্যক্ত করেন। এবং এই বিষয়ে বিস্তারিত আলোচনান্তে আইন শৃঙ্খলা সংক্রান্ত বিষয়ে ইউনিয়ন পরিষদের পরবর্তী সাধারণ সভায় নিম্নোক্ত সুপারিশমালা পেশ করার ব্যাপারে সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ করেন।

(ক) আইন-শৃঙ্খলা রক্ষায় সরকারের অর্পিত দায়িত্ব সফলভাবে পালন ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণে পরিষদে সুপারিশ দাখিল;

(খ) অপরাধমূলক ও বিপজ্জনক ব্যবসা নিয়ন্ত্রণে পরিষদে প্রয়োজনীয় সুপারিশ দাখিল;

(গ) গ্রাম আদালতকে আরো সক্রিয় করার মাধ্যমে জনগণের দোরগোড়ায় আইনি সহায়তা পৌঁছে দেয়ার জন্য ব্যাপক প্রচেষ্টা গ্রহণ করতে হবে;

(ঘ) জনগণকে আইন নিজের হাতে তুলিয়া না নেওয়া এবং সার্বিকভাবে সমাজে আইনের

শাসন প্রতিষ্ঠা, গ্রাম আদালতের কার্যক্রম নির্বিঘ্ন করা এবং সাধারণ সালিশী কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হইতেছে কিনা সে বিষয়ে লক্ষ্য রাখা;

(ঙ) ইউনিয়নের আইন শৃঙ্খলা বর্তমানে সন্তোষজনক আছে।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

বীর মুক্তিযোদ্ধা মিয়া আসাদুজ্জামান  
চেয়ারম্যান  
৪নং টগরবন্দ ইউনিয়ন পরিষদ  
আলফাডাঙ্গা, ফরিদপুর।